



নবম ও দশম শ্রেণি

বাংলা ১ম পত্র

একাত্তরের দিনগুলি

জ্ঞানমূলক-

১. ‘না, মার্সি পিটিশন কর।’- উভিটিতে লেখকের কার প্রতি মমত্ববোধ প্রকাশ পেয়েছে?
২. ‘ভয়টা আসলে মনে।’-এখানে কৌসের ভয়ের কথা বলা হয়েছে?
৩. ‘একাত্তরের দিনগুলি’ কোন ধরনের রচনা?
৪. ‘মুক্তিফৌজ’ বলতে কাদের বোঝানো হয়েছে?
৫. ‘একাত্তরের দিনগুলি’ রচনায় উল্লিখিত ১৬ ডিসেম্বর কী বার ছিল?
৬. ‘একাত্তরের দিনগুলি’ রচনায় জেনারেল নিয়াজী কত হাজার পাকিস্তানি সৈন্য নিয়ে আত্মসমর্পণ করেন?
৭. কাকে ‘শহিদ জননী’ উপাধি দেয়া হয়েছে?
৮. ‘চরমপত্র’ বলতে কী বোঝায়?
৯. জাহানারা ইয়াম কত সালে জন্মগ্রহণ করেন?
১০. ১৬ই ডিসেম্বর পাকিস্তানিরা ছাড়া কারা পালাচিল?
১১. ‘বুকানিয়ার’ নামক গোলাপের রং কী?
১২. কী করলে রুমী ছাড়া পেত?
১৩. জাহানারা ইয়াম মনকে ব্যন্ত রাখতে চেয়েছেন কেন?
১৪. ‘কথিকা’ কী?
১৫. স্বাধীন বাংলা বেতারে ‘সালেহ আহমেদ’ ছদ্মনামের খবর পাঠক কে ছিলেন?

মুক্তিযুদ্ধের সময় শুধু অবরুদ্ধ বাংলাদেশ, মুক্তাথল ও মুজিবনগর থেকে প্রকাশিত প্রায় ৬৪ টি পত্রিকার সন্ধান পাওয়া যায়। এগুলোর মধ্যে কিছু কিছু মুদ্রিত হলেও অধিকাংশই ছিল সাইক্লোস্টাইলের (হাতে লেখা)। ২-৩ টি পত্রিকা বাদে বেশির ভাগই ছিল সাংগ্রাহিক। তবে যে ভাবেই প্রকাশিত হোক না কেন, সবগুলোর আদর্শ ও উদ্দেশ্যই ছিল পাকিস্তানিদের বিরুদ্ধে মুক্তিযুদ্ধে বাঙালি জাতিকে উদ্বৃদ্ধ করা। এসব পত্রিকা বেশি সংখ্যক প্রকাশিত না হওয়ায় খুব একটা সহজলভ্য ছিল না। তাই পত্রিকাগুলোর এক একটি কপি যোদ্ধা ও জনগণদের কাছে ছিল অনেক মূল্যবান। সাধারণত কিশোর বয়সী ছেলেরাই এসব পত্রিকা বিলি করত। বিলি করার সময় তারা পাক-বাহিনীর হাতে ধরা পড়ে গেলে ততক্ষণাত্ তাদের হত্যা করার ঘটনাও অনেক ঘটেছে।

- ক) গোয়েবলস্ক কে?
- খ) ‘গাজুরিয়া মাইর’ বলতে কী বোঝায়?
- গ) উদ্দীপকের ভাবনা ‘একাত্তরের দিনগুলি’র কোন দিককে উন্মোচিত করেছে? ব্যাখ্যা কর।
- ঘ) উদ্দীপকের অনুভব ‘একাত্তরের দিনগুলি’র সমগ্র অনুভবকে ধারণ করে কী? মূল্যায়ন কর।